



# बालक



## প্রারম্ভিক কিছু কথা

### সম্পাদকের দণ্ডর থেকে

দেখতে দেখতে আবার হৈ হৈ করে এসে পড়ল পালকির টাটকা নতুন সংস্করণ, পালকি ১১। প্রিয় পাঠিকা এবং পাঠকেরা, আমরা জানি আপনারা সবাই অধীর আগ্রহে অপেক্ষা করছেন পালকিকে স্বাগতম জানাতে। আশা করি আপনাদের মনোরঞ্জন করবে এই একাদশতম সংখ্যা। গত প্রায় দেড় মাসের অক্লান্ত পরিশ্রমের ফসল আপনাদের হাতে তুলে দিতে পেরে আমরাও যারপরনাই আনন্দিত। হ্যাঁ জানি, আপনারা কেউ কেউ ক্যালেন্ডারে বিগত ১৪ তারিখের দিকে খুবই অর্থবহভাবে আঙ্গুল তুলে দেখাচ্ছেন (হয়ত একটু আধটু বিড়বিড়ও করছেন)। আমরা যুগপৎ দুঃখিত, ওই দিনে পালকির আগমনবার্তা প্রকাশে অপারগ হবার জন্যে, এবং উল্লসিত এইটুকু জানাতে পেরে, যে এবারের পালকির গুণগত মান সম্পর্কে আমাদের বিদগ্ধ পাঠিকা ও পাঠকগণের কোন খেদ থাকবে না।

আমাদের সম্পাদকমণ্ডলীর একাধিক সদস্য এইবার গভীরভাবে অসুস্থ হয়ে পড়েছিলেন। কিন্তু সব প্রতিকূলতা অতিক্রম করে আমরা এগিয়ে চলেছি এই আশুবাচ্য স্মরণ করে, “When sometimes life hands you lemons, you gotta make lemonade!” আর কঠিন সময় তো কেবল শুধু আমাদেরই ছিল না, সারা দুনিয়ায় – জাপান থেকে মিশর সর্বত্রই – আমরা দেখেছি সঙ্কট আর গোলযোগ। কোথাও রাজনৈতিক পট-পরিবর্তন, তো কোথাও ভূপ্রাকৃতিক তট-পরিবর্তন পর্যন্ত ঘটে গিয়েছে। সমসাময়িকের ছাপ আনার জন্য আমরা এবারের প্রচ্ছদেও তাই দেওয়ার চেষ্টা করেছি একটা আন্তর্জাতিক আবহ। আর রাজনৈতিক পট-পরিবর্তনের সম্ভাবনা নিয়ে উত্তেজনা তো রয়েছে আমাদের আপন রাজ্যেও। তার আঁচ দেখতে পাবেন এবারের পালকির একাধিক লেখাতে।

মধ্যপ্রাচ্যের কথা উঠলেই রাজনীতির পাশাপাশি একটা গুরুত্বপূর্ণ প্রভাবক যে ধর্ম সেটা মনে পড়ে যায়। এবার মিশরেও তার ব্যত্যয় ঘটে নি। যদিও পালকিতে আমরা বরাবরই ধর্মকর্ম থেকে দূরে থাকতে চাই, বর্তমান পরিস্থিতির কথা ভেবে আমরা একটি আকর্ষক প্রয়াসকে আমাদের পাঠকদের কাছে তুলে ধরেছি ইন্টারভিউয়ের মাধ্যমে। একথা শুনে চমকাবেন না, প্রচেষ্টাটি সাহিত্যমূলক বলেই পালকির পাতায় উঠে এসেছে; তার চেয়ে পড়ে দেখুন, উদ্যোগটিই আসলে চমকপ্রদ।

অবশেষে, সব বাধা-বিপত্তি পেরিয়ে, আজ পালকি ১১-র আত্মপ্রকাশের ক্ষণে উপস্থিত। এই সংখ্যায় আপনারা পাবেন ইংরেজী ও বাংলায় মনোগ্রাহী গল্প ও কবিতা, কিছু প্রবন্ধ, এবং কয়েকটি সরস আলোচনা। এপার ও ওপার, দুই বাংলার কবি-লেখকদেরই আমরা নিয়ে আসতে পেরেছি পালকির পাতাতে। পালকির কন্ট্রিবিউটারদের কাছ থেকে পাওয়া কিছু দূরন্ত সুন্দর ফোটোগ্রাফি এবং চিত্রকলার নিদর্শনও থাকছে প্রত্যেকবারের মতই। এছাড়াও আছে একটি অণু-ভ্রমণকাহিনী – পালকির দীর্ঘকালের বন্ধু এবং লেখক মৃগাঙ্ক সম্প্রতি শুভপরিণয়ে আবদ্ধ হয়েছেন; তাঁদের থাইল্যান্ডে মধুচন্দ্রিমা-যাপনের অভিজ্ঞতার থেকে U-রেটেড অংশগুলি সঙ্কলিত করে একটি ছবিসহ লেখা দিয়েছেন আমাদের। নবদম্পতির জন্য শুভেচ্ছা রইল।

এই সুযোগে আমরা ধন্যবাদ জানিয়ে রাখি আমাদের নির্বাচকমণ্ডলীর সদস্যদেরও। এবার প্রচুর লেখাপত্র এসেছিল, এবং পালকির প্রতি পালকি পরিবারের সদস্য – লেখক, লেখিকা, কবি, চিত্রকার, পাঠক, পাঠিকা – সবার ভালবাসার স্রোতে আমরা অভিভূত। আশা করব, আগামী দিনগুলোতেও এই ভাবেই পালকি আপনাদের সকলের স্নেহধন্য হবার সৌভাগ্য পাবে। সেই সঙ্গে প্রকাশনায় বিশেষ সহায়তার জন্য কৃতজ্ঞতা জানাই পালকির শুভানুধ্যায়ী পিয়াস চক্রবর্তীকে, আর অভীরুক লাহিড়ীর প্রতি ধন্যবাদ রইল পালকির ফেসবুক পাতাটি তৈরীতে সাহায্যের জন্য – আজ্ঞে হ্যাঁ, পালকি এখন ফেসবুকেও, যেখানে আপনি পালকি-সংক্রান্ত সব আপডেট পেতে পারেন – <http://www.facebook.com/palkimag>

বকবক্তৃত্য আর নয়; আসুন ঝাঁপিয়ে পড়ি নতুন পালকির ধনভাণ্ডারে।



#### About Palki 12:

Palki 12 has a tentative release date of middle to late July. Submission is now open, and will continue till 31st May.

#### Statutory Disclaimers:

- The views opinions and ideas expressed by the authors in their submissions are exclusively their own.
- The copyright of the submissions rests with the authors, while Palki assumes the first publishing rights. It is understood that authors have the necessary permissions for their use of copyrighted materials in their work.
- Submissions have been considered solely on the basis of their creative merit, not subject to any editorial censorship.
- However, the acceptance of any particular submission for publication in Palki does not constitute any express endorsement whatsoever of the author's viewpoints by Palki, calcuttans.com, calcuttaglobalchat.net or any of their family of websites.

#### Official Details for Palki 11

- Website Owner: Ankan Basu
- Joint Editors: Shrabanti Basu, Kaustubh Adhikari, Kausik Datta
- Email for Enquiry/submissions: [palkisubmissions@gmail.com](mailto:palkisubmissions@gmail.com)
- Rules for submissions: <http://calcuttans.com/palki/submissions>